বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৫০৭ -এ তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৯ নভেম্বর ২০২৬

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রবেশ ও বহির্গমন গেইট নিয়ন্ত্রন, স্ব স্ব পরিচয়পত্র বহন এবং তল্লাশি কার্যক্রম জোরদারকরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গনের নিরাপত্তা ব্যবস্থা অধিকতর সুসংহত ও নিশ্ছিদ্র করা একান্ত আবশ্যক। সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতিবৃন্দ, বিজ্ঞ আইনজীবী, কর্মকর্তা-কর্মচারী ও বিচারপ্রার্থী জনগণের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রবেশ ও বর্হিগমন গেইটসমূহ নিয়ন্ত্রণ, পরিচয়পত্র যাচাই এবং প্রবেশপথে নিয়মিত নিরাপত্তা তল্লাশি (চেকিং) ব্যবস্থা জোরদার করা আবশ্যক।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে প্রবেশ ও বহির্গমনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ মেনে চলার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

গেইটসমূহ নিয়ন্ত্রণ:

ক. সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে প্রবেশ ও বহির্গমনের জন্য শুধু মাজার গেইট এবং আউটার গেইট (বার কাউন্সিল ভবন সংলগ্ন গেইট) ব্যবহার করতে হবে।

খ. ন্যায় সরণি গেইট দিয়ে একমুখী চলাচল করতে হবে অর্থাৎ কেবল সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ হতে বহির্গমনের জন্য উক্ত গেইট ব্যবহার করা যাবে।

গ. প্রশাসনিক জামে মসজিদ সংলগ্ন গেইট সার্বক্ষণিক বন্ধ থাকবে।

স্ব স্ব পরিচয়পত্র বহন:

ক. সুপ্রীম কোর্ট প্রাঙ্গনে প্রবেশের ক্ষেত্রে বিজ্ঞ আইনজীবী, কর্মকর্তা-কর্মচারী ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে অবশ্যই স্ব স্ব পরিচয়পত্র/জাতীয় পরিচয়পত্র বহন করতে হবে এবং প্রবেশপথে চাহিবামাত্র তা প্রদর্শন করতে হবে।

নিরাপত্তা তল্লাশি কার্যক্রম:

ক. প্রবেশপথে নিরাপত্তার দায়িত্বে থাকা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক প্রয়োজনে আগত সকলকে তল্লাশি করা হবে।

২. পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্ত কাম্য।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ হেমায়েত উদ্দিন)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫।
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং- ১০৬২৯ -এ তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৯ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ অ্যাটর্নি-জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, শাহবাগ, ঢাকা।
৪. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা (সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের বিজ্ঞ আইনজীবীদের অবগত করানোর অনুরোধসহ)।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার ..... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. বাংলাদেশের প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

CamScanner

৮. ডেপুটি রেজিস্ট্রার ..... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. উপ-পুলিশ কমিশনার, সুপ্রীম কোর্ট এন্ড স্পেশাল কোর্ট সিকিউরিটি ডিভিশন, সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০. অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (নিরাপত্তা), সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১১. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৩. সহকারী রেজিস্ট্রার ..... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪. মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৫. বেঞ্চ অফিসার/সহকারী বেঞ্চ অফিসার ..... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৬. কোর্ট অফিসার/কোর্ট কীপার..... (সকল), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৭. সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট ..... (সকল), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (শাখায় কর্মরত সকলকে অবগত করানোর অনুরোধ করা হলো)।
১৮. ব্যক্তিগত কর্মকর্তা-টু মাননীয় বিচারপতি ..... মহোদয়, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধসহ)।
১৯. অফিসার ইনচার্জ, শাহবাগ থানা, ঢাকা।
২০. অফিসার ইনচার্জ, রমনা থানা, ঢাকা
২১. বার্তা সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)।
২২. নোটিশ বোর্ড।
২৩. অফিস কপি।

১৩.১১.২০২৬
(খোকন হোসেন)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) (ভারপ্রাপ্ত)

CamScanner